## ফতওয়া নং ৪৩৭

## প্রশ্ন

আমি একটি বিয়ে বাড়িতে গিয়েছিলাম এবং বিবাহ পড়ানোর মজলিসে উপস্থিত ছিলাম। আমি লক্ষ্য করলাম প্রথমে ইমাম সাহেব পাত্রী পক্ষ থেকে একজন মানুষকে উকিল হওয়ার কথা বললেন। তারপর ওই উকিল দুলহার কাছ থেকে অনুমতি চাইলেন পাত্রীর কাছে গিয়ে কবুল করানোর জন্য। দুলহা নিজে "ইনশাআল্লাহ যান" বলে মেয়ে পক্ষের উক্ত উকিলকে দুলহানের কাছে যাওয়ার অনুমতি দিলেন। এরপর উকিল সাহেব ২-৩ জন সাক্ষী সহকারে দুলহানের কাছে যান এবং তার কাছ থেকে কবুলিয়াত নিয়ে ফিরে আসেন। তারপর মজলিসে এসে সেই উকিল সাহেব সকলের সামনে এলান করেন যে, অমুকের কন্যা অমুক, **12000** দেনমোহর সহকারে অমুকের পুত্র অমুককে বিবাহের জন্য রাজি হয়েছে, বলে সাক্ষীগণকে হাত তুলে দেখাতে বলেন। সাক্ষীগণ সহমত পোষণ করেন। এরপর ইমাম সাহেব খুতবা প্রদান করেন এবং দোয়া করে দেন। কিন্তু দুলহার কাছে এসে কোন ধরনের "কবুল হে" বলানো হয়নি। আমার প্রশ্ন যে, উক্ত তরিকায় কি বিবাহ শুদ্ধ হয়ে যাবে? যেখানে কেবলমাত্র পাত্রীর কাছ থেকে কবুল পড়ানো হয়েছে কিন্তু পাত্রের কাছ থেকে কোন ধরনের কবুল পড়ানো হয়নি!

## উত্তর:

পাত্র-পাত্রী বা তাদের স্থলাভিষিক্ত ব্যক্তির ঈজাব-কবুল আবশ্যক। ঈজাব-কবুল ছাড়া বিয়ে হয়না। প্রশ্নে বর্ণিত ঘটনায় যদি দুলহা উক্ত ব্যক্তিকে নিজের বিবাহের ওকিল হিসেবে দুলহানের কাছে পাঠিয়ে থাকে আর উক্ত ওকিল সাক্ষীদ্বয়ের উপস্থিতিতে দুলহানের কবুল নিয়ে থাকে তাহলে বিয়ে শুদ্ধ হয়েছে। ( ফাতাওয়া দারুল উলুম ৭/৫৫ পৃষ্ঠা দ্রষ্টব্য )

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ,জামিয়া নু'মানিয়া।
২৬ মুহাররম, ১৪৪৬ হিজরী **(02/08/2024)**